দৈনিক সংবাদ

64

তারিখ ... ... APR 19 2000
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# শরীয়তপুরে চলতি মাসেও চলছে বই বিতরণ, মে মাসে পরীক্ষা

শরীয়তপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ শরীয়তপুরে এ বছর পাঠ্যপুস্তক পুরোপুরি হাতে না পেয়েই জেলায় ৪শ ৩৭টি সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী আগামী ৬ই মে থেকে প্রথম সাময়িক পরীক্ষায় অংশগ্রহণ করতে যাচ্ছে। পাঠ্যপুস্তক না পড়ে কি করে ছাত্রছাত্রীরা পরীক্ষা দেবে তা নিয়ে বিভিন্ন মহলে বেশ জোরালো আলোচনা সমালোচনা চলছে। জেলায় এ পরিস্থিতির জন্য অনেকেই শিক্ষা বিভাগের ঢিলেঢালা ব্যবস্থাপনাকেই দায়ী করছেন।

জানা গেছে, জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ থেকে এ রিপোর্ট লেখা পর্যন্ত (৬-৪-২০০০) ৫ম শ্রেণীর জন্য পাঠ্য পরিবেশ পরিচিতি সমাজ, পরিবেশ পরিচিতি বিজ্ঞান বই ছাত্রছাত্রীদের সরবরাহ দিতে পারেনি। এছাড়া বছরের ৩ মাস গড়িয়ে গেলেও প্রায় প্রাথমিক বিদ্যালয়েই ৫ম শ্রেণীর জন্য পাঠ্য ইংরেজি, ধর্ম ৪র্থ শ্রেণীর ইংরেজি ও প্রথম শ্রেণীর প্রায় ৫০ ভাগ পুস্তক সরবরাহ দিতে ব্যর্থ হয়েছে। এর ফলে গত বছরের পুরনো বই দিয়ে ছাত্রছাত্রীদের কিছু কিছু চাহিদা মেটানোর চেষ্টা করা হলেও মূলত বেশির ভাগ ছাত্রছাত্রীই সেই সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। অথচ কদিন বাদেই প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হয়ে যাচ্ছে। এ অবস্থায় ছাত্র-ছাত্রীদের অভিভাবক মহল বেশ চিন্তিত হয়ে পড়েছে।

খোঁজখবর নিয়ে জানা গেছে, বই প্রিন্টিং জনিত কারণে সরবরাহে বিলম্ব ঘটছে। ফলে বছরের প্রায় ৪ মাস চললেও ছাত্রছাত্রীরা পাঠ্যপুস্তক হাতে পায়নি। ফলে পুরো শিক্ষা ব্যবস্থাই হুমকির সম্মুখীন হয়ে পড়েছে।